# ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো‘আ সমূহ (الدعوات فى الأوقات)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১৭. নতুন কাপড় পরিধানকালে দো‘আ

নতুন কাপড় পরিধানকালে দো‘আ :

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ كَسَانِىْ هَذَا وَرَزَقَنِيْهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِّنِّىْ وَلاَ قُوَّةٍ

উচ্চারণ : আলহাম্দুলিল্লা-হিল্লাযি কাসা-নী হা-যা ওয়া রাঝাক্বানীহি মিন গায়রে হাওলিম মিন্নী ওয়ালা কুওয়াতিন।

অনুবাদ : ‘যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য। যিনি আমার কোন ক্ষমতা ও শক্তি ছাড়াই আমাকে এই কাপড় পরিধান করিয়েছেন ও এটি প্রদান করেছেন’। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, যে ব্যক্তি এটা পাঠ করে, আল্লাহ তার আগে-পিছের সকল গোনাহ মাফ করে দেন।[116]

(ক) রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, গোড়ালীর নিচে কাপড় যতটুক যাবে ততটুকু জাহান্নামে পুড়বে। [117] কিন্তু মহিলারা গোড়ালীর নিচেও কাপড় পরিধান করতে পারবেন। [118]

(খ) তিনি বলেন, ‘তোমরা সাদা পোষাক পরিধান কর। কেননা এটি তোমাদের উত্তম পোষাক সমূহের অন্যতম’... ।[119]

## ফুটনোট

[116] . আবুদাঊদ, মিশকাত হা/৪৩৪৩, ‘পোষাক’ অধ্যায়-২২; ছহীহুল জামে‘ হা/৬০৮৬।

[117] . বুখারী, মিশকাত হা/৪৩১৪, ‘পোষাক’ অধ্যায়-২২।

[118] . তিরমিযী, আবুদাঊদ, নাসাঈ, মিশকাত হা/৪৩৩৪-৩৫, ‘পোষাক’ অধ্যায়-২২।

[119] . আবুদাঊদ, তিরমিযী, মিশকাত হা/১৬৩৮, ‘জানায়েয’ অধ্যায়-৫, ‘মাইয়েতকে গোসল করানো ও কাফন পরানো’ অনুচ্ছেদ-৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9276

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন